[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

২০১২ সালের ১৩ নভেম্বর একটি (যার নম্বর-৫) এবং চলতি বছরের ৩০ জুলাই বিশেষ ক্ষমতা আইনে আরও একটি মামলা দায়ের হয় (যার নম্বর-৪৮)। এই মামলায় বর্তমানের তিনি হাজত বাস করছেন।

মুজিবনগর থানায় চলতি বছরের ২৪ জানুয়ারি বিশেষ ক্ষমতা আইনে একটি মামলা (যার নম্বর -১১), ২০২১ সালের ১ এপ্রিল বিষ্ফোরক আইনে একটি মামলা যার নম্বর-১/৩৩, ২০১৮ সালের ২ নভেম্বর (যার মামলা নম্বর-১), ১৩ সেপ্টেম্বর (যার মামলা নম্বর-৫), ৭ ফেব্রুয়ারি যার মামলা নম্বর-২) এবং ২০০৭ সালের ১৩ এপ্রিল একটি মামলা হয় (যার মামলা নম্বর-৫)।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, সুনির্দিষ্ট মামলার আসামি হিসেবে তাকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে বর্তমানে ৯টি মামলা চলমান রয়েছে। নাশকতা, বিষ্ফোরক দ্রব্যসহ মারামারির মামলাও রয়েছে।

মানিকনগর ডিএইচএস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আসাদুল্লাহ আল গালিব বলেন, গত ১২ নভেম্বর মাদ্রাসার গভর্ণিং বডির সভায় তাকে সাময়িক বরখাস্ত করা সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বরখাস্তের চিঠি পাঠানোর প্রক্রিয়া চলছে।

তিনি আরও বলেন, মানবিক কারণে তাকে আদালতে হাজিরার দিনগুলোতে একটু ছাড় দেওয়া হয়। আমি ২০১৮ সালে যোগদান করার পর এবার দিয়ে তাকে দুই বার সাময়িক বরখাস্ত করা হলো।

সদর উপজেলা জামায়াতের আমির ও বুড়িপোতা ইউনিয়ন আমির গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর থেকে উপজেলা জামায়াতের আমির সোহেল রানা ও রাধাকান্তপুর থেকে বুড়িপোতা ইউনিয়ন জামায়াতের আমির হামিদুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার সকালে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল নিজ নিজ গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়।
সোহেল রানা কামদেবপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে এবং হামিদুল ইসলাম রাধাকান্তপুর গ্রামের হানিফ মিয়ার ছেলে।

মেহেরপুর সদর থানার ওসি তদন্ত শেখ মইনুল ইসলাম জানান, গ্রেফতারকৃত জামায়াত নেতাদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে নাশকতার মামলা চলমান রয়েছে। যার মামলা নম্বর-২২, তারিখ ১৪/০১/২০২৩ ইং। গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে উপজেলা জামায়াতের আমির সহ ২ জন আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামে নাশকতার পরিকল্পনা করার সময়ে উপজেলা জামায়াতের আমির খাঁনজাহান আলী সহ ২ সদস্যকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের মোশাররফ হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে উপজেলা জামায়াতের আমির বিশ্বনাথপুর গ্রামের মোজাম্মেল হোসেনের ছেলে খাঁনজাহান আলী এবং গোপালনগর গ্রামের আজিল শেখ এর ছেলে হাবিবুর রহমান কে আটক করে পুলিশ।

এ সময় তাদের কাছে থেকে বিপুল পরিমান জিহাদী বই, টাকা আদায়ের রশিদ, রেজিস্টার উদ্ধার করা হয়।

আটকদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে মামলায় এজাহার নামীয় ২ জন ও অজ্ঞাতনামা আরো ২১/২২ জনকে আসামি করা হয়েছে।

আটক কৃতদের বিরুদ্ধে মামলার রুজু করে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে বলে জানান ওসি মেহেদী রাসেল।